# সংসদে আমাকে অকথ্য ভাষায় গালাগালি করা হয়েছে: রুমিন ফারহানা



রুমিন ফারহানা। ছবি: সংগৃহীত

সংসদে ভিন্নমত প্রকাশের সুযোগ নেই অভিযোগ করে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য রুমিন ফারহানা বলেছেন, বুধবার সংসদে তাঁর সঙ্গে যে আচরণ করা হয়েছে তা গণতান্ত্রিক বা সংসদীয় রীতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়।

বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) আর্মড পুলিশ ব্যাটালিয়ন বিলের ওপর আলোচনায় অংশ নিয়ে তিনি বলেন, তাঁর বক্তব্যের জবাব কেউ দিতে পারেন। তবে বক্তব্য শেষে আশপাশ থেকে তাঁকে অকথ্য ভাষায় গালাগালি করা হয়েছে, যা সংসদীয় আচরণ হতে পারে না।

রুমিন ফারহানা বলেন, সংসদে সরকারি দল, বিরোধী দল ও স্বতন্ত্র সদস্যদের ভিন্ন ভিন্ন মত থাকাটাই স্বাভাবিক। ২০১৮ সালে আওয়ামী লীগের বিরুদ্ধে সংসদে একা কথা বলার সময়ও তিনি একইভাবে আক্রমণের শিকার হয়েছেন বলে জানান। শুধু সরকারের পক্ষে ভোট দেওয়ার জন্য বিরোধী দলের ভূমিকায় থাকারও সমালোচনা করেন তিনি।

বুধবারের ঘটনার প্রসঙ্গ টেনে তিনি বলেন, সংসদের এমন অসহিষ্ণু পরিবেশ দেখে মনে হচ্ছে দেশ আবার আওয়ামী লীগ আমলের পরিস্থিতিতে ফিরে যাচ্ছে। তখন আওয়ামী লীগের আচরণের সমালোচনা করলেও তারা সংসদে হট্টগোল করত। এখন বিএনপিও একই ধরনের আচরণ করছে বলে মন্তব্য করেন তিনি।

LENS ASIA